

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ২৫

পিতা-মাতার সাথে সদ্ধ্যবহার

পরিচ্ছেদঃ ১৩- মুশরিক পিতার সাথেও সদাচার করতে হবে।

بَابُ بِرِّ الْوَالِدِ الْمُشْرِكِ

আরবী

حَدَّثَنَا الْحُمَيْدِيُّ، قَالَ: حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ، قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ قَالَ: أَخْبَرَنِي أَبِي قَالَ: أَخْبَرَتْنِي أَمْي رَاغِبَةً، فِي عَهْدِ النَّبِيِّ صلى الله عليه وسلم، فَسَأَلْتُ النَّبِيُّ صلى الله عليه وسلم: أَصِلُهَا؟ قَالَ: نَعَمْ. قَالَ ابْنُ عُيَيْنَةَ: فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ فِيهَا: (لاَ يَنْهَاكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ).

বাংলা

২৫। আসমা বিনতে আবু বাকর (রাঃ) বলেন, আমার অমুসলিম মা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে আমার কাছে আসেন। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, আমি কি তার সাথে আত্মীয় সম্পর্ক বজায় রাখবো? তিনি বলেনঃ হ্যাঁ। ইবনে উয়ায়না (রহঃ) বলেন, এই প্রসঙ্গে মহান আল্লাহ নাযিল করেনঃ "যারা ধর্মের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি, তাদের সাথে সদ্যবহার ও ইনসাফ করতে আল্লাহ তোমাদেরকে নিষেধ করেন না" (৬০ঃ ৮) (বুখারী, মুসলিম, দারিমী)।

English

Asma' bint Abi Bakr said, "In the time of the Prophet, may Allah bless him and grant him peace, my mother came to me hoping (I would be dutiful). I asked the Prophet, may Allah bless him and grant him peace, 'Do I have to treat her well?' 'Yes,' he replied."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন